

# এশিয়ান নিউ ইয়র্কবাসীদের উপর H.R. 1 এর প্রভাব

## H.R.1 বিল কীএবংকেনএটিগুরুত্বপূর্ণ?

**H.R. 1 — বা "ওয়ান বিগ বিউটিফুল বিল অ্যাক্ট (একটি বড় সুন্দর বিল আইন)" — একটিবিস্তৃত পরিসরের ফেডারেল আইন যা:**

- ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE)-এর বাজেট বাড়ায়, যার ফলে আরও বেশি অভিযান, আটক ও বহিষ্কার করা হবে, যা পরিবারগুলোকে আলাদা করবে।
- চিকিৎসা সহায়তা [মেডিকএইড] তহবিল কমিয়ে দেয়, যার ফলে নিউ ইয়র্কের ১৫ লক্ষ মানুষের কাছ থেকে স্বাস্থ্যসেবা কেড়ে নিতে পারে, এবং হাসপাতাল ও অলাভজনক সংস্থাগুলোর তহবিলও কমাতে পারে। এটি নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবার জন্য বরাদ্দ তহবিলও ১৪ বিলিয়ন ডলার কমিয়ে দেবে।
- মানুষের জন্য SNAP (ফুড স্ট্যাম্প বা খাদ্য কুপন) ও CHIP (শিশুদের জন্য স্বাস্থ্যসেবা) পাওয়া কঠিন করে তুলবে, যা পরিবারগুলোকে খাবার পেতে ও ডাক্তার দেখাতে সহায়তা করে।
- ফেডারেল শিক্ষাঋণ ও সহায়তার তহবিল কমিয়ে দেয়, যার ফলে অনেক শিক্ষার্থীর জন্য কলেজে যাওয়া আরও কঠিন হবে।
- ফি বাড়িয়ে অভিবাসীদের জন্য যুক্তরাষ্ট্রে বসবাস ও কাজের জন্য আবেদন করাকে আরও ব্যয়বহুল করে তুলবে।
- ছোট ব্যবসায়ের জন্য কিছু কর ছাড় প্রদান করবে।
- দেশের সবচেয়ে ধনী আমেরিকানদের জন্য কর কমাবে।

## কেন H.R.1–এর কাটছাঁট এশিয়ান নিউ ইয়র্কবাসীদের জন্য গুরুত্বপূর্ণ

**আমরা নিউ ইয়র্কে সবচেয়ে দ্রুত বর্ধনশীল জাতিগত গোষ্ঠী**

**2.1M** জাতিগত গোষ্ঠী

**1.5M** নিউ ইয়র্ক সিটিতে ১৫ লক্ষ

**নিউ ইয়র্ক স্টেটের 63%**

এশিয়ানদের জন্ম অন্য দেশে। অনেকেই এমন পরিবারে বাস করেন যার মধ্যে পরিবারের সদস্যরাও রয়েছেন যাদের কাছে মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসের বৈধ কাগজপত্র নাও থাকতে পারে।

**আমরা নিউ ইয়র্ক সিটির জনসংখ্যার 17%**

এশিয়ান আমেরিকানরা নিউ ইয়র্কের অর্থনীতি সচল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তারা হাসপাতালে কাজ করেন, ছোট ব্যবসা চালান এবং অন্যান্য হাজারো প্রয়োজনীয় কাজ করেন যার উপর মানুষ প্রতিদিন নির্ভরশীল।

**নিউ ইয়র্ক সিটিতে 34%** + **প্রায় 90%**

মানুষ দারিদ্র্যসীমার নিচে অথবা দারিদ্র্যসীমার কাছাকাছি বাস করে।

এশিয়ান আমেরিকান শিশু কমপক্ষে একজন অভিবাসী বাবা-মায়ের সাথে বাস করে।

## আরও অভিবাসন তল্লাশি এশিয়ান নিউ ইয়র্কবাসীকে ঝুঁকির মধ্যে ফেলছে

### H.R.1-এর ফলে ICE হবেমার্কিন ইতিহাসের সবচেয়েবড় আইন-প্রয়োগকারীসংস্থা।

- এশিয়ান আমেরিকানরা নিউইয়র্কের দ্রুততম বর্ধনশীল জাতিগত গোষ্ঠী, এবং এশিয়া থেকে আসা২৪% অভিবাসীবৈধকাগজপত্র ছাড়াই বাসকরে। অনেকে এমন পরিবারে বাস করেন যেখানে পরিবারের কিছু সদস্যের কাছে বৈধ কাগজপত্র আছে এবং অন্যদের কাছে নেই।

**নিউইয়র্ক স্টেটে বৈধ অভিবাসন মর্যাদা ছাড়াই**
**24%** **অভিবাসী এশিয়া থেকে এসেছেন**

- আরও ক্ষমতা, তহবিল এবং আটক কেন্দ্রের ফলে আরও হঠাৎ গ্রেফতার, কর্মস্থলে অভিযান ও পরিবারগুলো বিচ্ছিন্ন হবে, এমনকি দীর্ঘস্থায়ী বাসিন্দাদের জন্যও ঝুঁকি বাড়াবে। চীন, বাংলাদেশ, নেপাল এবং ভারতের মতো এশিয়ার দেশগুলি থেকে আসা
- ICE-এর ভয়েঅনেকে শহরের পরিষেবা ব্যবহার করা, ডাক্তারের কাছে যাওয়া এবংপুলিশের কাছে অভিযোগকরাও এড়াতে পারে। ট্রাম্প যখন প্রথমবার রাষ্ট্রপতি হন, তখন অভিবাসী বিরোধী নীতিগুলি নিউইয়র্কের অনেক এশিয়ান পরিবারকে খাদ্য এবং অন্যান্য সুবিধাদির জন্য সহায়তা ব্যবহার করা বন্ধ করতে বাধ্য করেছিল, এমনকি তারা যোগ্য হলেও
- যদিও নিউ ইয়র্ক সিটির আশ্রয়স্থলের [স্যঞ্চুয়ারি] নিয়মগুলি অভিবাসীদের সুরক্ষায় সহায়তা করে, শহরের ভেতরে এবং এর আশেপাশে আরও ICE-এর আইন প্রয়োগের ফলে এশিয়ান
- আইনি সহায়তা ব্যবস্থার উপর ইতিমধ্যেই অতিরিক্ত চাপ সৃষ্টি হয়েছে এবং আরও আটক ও বহিষ্কারের মামলা হলে তা ভেঙে পড়তে পারে। অনথিভুক্ত অভিবাসী পরিবারেরশিশুরা গুরুতর মানসিকচাপ ও ভয়েরসম্মুখীন হবে, বিশেষ করে যদি তাদের যত্ন নেওয়া লোকদেরকে সরিয়ে নেওয়া হয়।

## এশিয়ান আমেরিকান আশ্রয়প্রার্থী এবং মিশ্র মর্যাদার পরিবারগুলোর জন্য নাগরিক হওয়া কঠিন করে তুলতে পারে

- বৈধ কাগজপত্রবিহীন অভিবাসী, গ্রিন কার্ডধারী, আশ্রয়প্রার্থী, ভিসার জন্য আবেদনকারী এবং বিদেশে পরিবারকে অর্থ পাঠান এমন ব্যক্তিদের জন্য অভিবাসন ফি বাড়বে।
    - আদালতেহাজির না হলেঅনথিভুক্ত অভিবাসীর জন্য $5,000 জরিমানা
    - গ্রিনকার্ডের সামঞ্জস্য করার জন্য $1,500
    - যদিআপনাকে মার্কিন যুক্তরাষ্ট্রে প্রবেশবা থাকার অনুমতিনা দেওয়া হয়তবে মওকুফের জন্যআবেদন করার জন্য $1,050
    - আশ্রয়আবেদনের জন্য $1,000, অপেক্ষমান প্রতিবছরের জন্য $100, কাজের অনুমতির জন্য $550 এবংআবেদন বা আপিলেরজন্য $900

- এশিয়ানরা অভিবাসী এবং আশ্রয়প্রার্থী বৃহত্তম জনসংখ্যার মধ্যে রয়েছে এবং অনেক পরিবার আইনি সহায়তা এবং উচ্চ ফি বহন করতে পারে না, বিশেষ করে তাদের নিজস্ব ভাষায় খুবই কম বা প্রায় কোনো সাহায্য পায় না।

## মেডিকএইড/এসেনশিয়াল প্ল্যান ব্যবহারকারী এশিয়ান নিউ ইয়র্কবাসীদের উপর প্রভাব

এসেনশিয়ালপ্ল্যান, যা অনেকস্বল্প আয়ের এবংঅভিবাসী নিউ ইয়র্কবাসীদের সহায়তাকরে, ফেডারেল সরকারেরকাছ থেকে পাওয়া তহবিল হারাবে।১লা জানুয়ারী, ২০২৬থেকে কার্যকর, মোট৭.৩ লক্ষনিউ ইয়র্কবাসী, যারমধ্যে ২.২৪লক্ষ তালিকাভুক্ত অভিবাসী এসেনশিয়াল প্ল্যানেরকভারেজ হারাতে পারেন।


120 Wall Street, 9th Floor, New York, NY 10005 | info@aafederation.org | www.aafederation.org

## মেডিকএইড/এসেনশিয়াল প্ল্যান ব্যবহারকারী এশিয়ান নিউ ইয়র্কবাসীদের উপর প্রভাব

(Cont'd)

### আনুমানিক ১৫ লক্ষ নিউ ইয়র্কবাসী আগামী ১০ বছরে স্বাস্থ্য বীমা হারাতে পারেন।

এছাড়াও H.R. 1-এনতুন কাজের নিয়মযোগ করা হয়েছেযাতে লোকদের প্রতিমাসে প্রায় ৮০ঘন্টা কাজ করার কথা এবংঅতিরিক্ত কাগজপত্র পূরণেরবলা হয়েছে। এতেলোকদের পক্ষে তাদেরস্বাস্থ্য বীমা পাওয়াবা রাখা কঠিনপড়তে পারে, এমনকিযারা যোগ্য তাদেরজন্যও।

**নিউ ইয়র্ক স্টেটের**

**38%**

**এশিয়ানদের ইংরেজিতে দক্ষতা সীমিত।**

নিউ ইয়র্ক স্টেটের প্রায় ৩৮% এশিয়ানদের ইংরেজি পড়া, লেখা, কথা বলা বা বোঝার ক্ষমতা সীমিত (সীমিত-ইংরেজিতে-দক্ষ বা LEP) এবং স্টেটের প্রায় ৪ জন এশিয়ান আমেরিকানের মধ্যে ১ জনের বাড়িতে তারযুক্ত ইন্টারনেট নেই। এটি আমাদের কমিউনিটির জন্য অতিরিক্ত পেপারওয়ার্ক বা কাগজপত্রের কাজকে বিশেষভাবে কঠিন করে তুলতে পারে।

## এশিয়ান আমেরিকান পরিবার এবং শিশুরা যত্নহীন থাকবে

H.R. 1. SNAP এবং CHIP-এর জন্যঅর্থায়ন হ্রাস করেযা পরিবারগুলোকে শিশুদেরজন্য খাদ্য এবংস্বাস্থ্যসেবায় সহায়তা পেতে সহায়তাকরে থাকে।

- ৩৬% এশিয়ান শিশু দারিদ্র্য বা দারিদ্র্যসীমার কাছাকাছি বাসকরে এবং এবং তাদের অনেকেই ডাক্তার দেখাতে, নিয়মিত চেক-আপ করাতে এবং প্রেসক্রিপশন করতে CHIP-এর উপর নির্ভর করে।

SNAP-এর কাটছাঁটের ফলে শিশু এবং পরিবারের জন্য পর্যাপ্ত খাবার পাওয়া কঠিন করে তুলবে।

**নিউ-ইয়র্কবাসী সমস্ত এশিয়ান পরিবারগুলোর মধ্যে**

**৪৫% দরিদ্র এশিয়ান পরিবার যারা একজন নাগরিকের** **40%**

**নেতৃত্বে বসবাস করেন তারা খাবার কেনার জন্য SNAP-এর উপর নির্ভরশীল।**

## এশিয়ান অভিবাসী এবং প্রবীণদের যত্ন সেবা বাধাগ্রস্ত হবে

**নিউ ইয়র্ক সিটিতে**

**45%**

**প্রবীণ এশিয়ান নিউ ইয়র্কবাসী দারিদ্র্যসীমার মধ্যে বা তার কাছাকাছি বাস করেন।**

- সীমিত ইংরেজি দক্ষতা সহ প্রবীণ এশিয়ান নিউ ইয়র্কবাসী (৭০%), এবং যারা নিউইয়র্কসিটিতে দারিদ্র্যসীমার মধ্যে বা তার কাছাকাছি বাস করেন (৪৫%), তারা নতুন কাজ এবং কাগজপত্রের নিয়ম দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হবেন। - ভাষার বাধা, ইন্টারনেট ইন্টারনেট ব্যবহারের অভাব, বয়স বৈষম্য এবং বিভ্রান্তিকর কাগজপত্র এই পরিবর্তনগুলিকে আরও কঠিন করে তুলবে।
- বিলটি নির্ভরশীল ব্যতীতসক্ষমপ্রাপ্তবয়স্কদের (ABAWD) জন্য বয়স৫৪থেকেবাড়িয়ে ৬৪করেছেযাদেরঅবশ্যইকাজেরনিয়মগুলি পূরণকরতেহবে।প্রবীণএশিয়ানরা যদিপ্রমাণকরতেব্যর্থহনযেতাদেরচাকরিআছে, অসুস্থবাপ্রতিবন্ধী, বাকারওযত্ননিচ্ছেনতবেতারা SNAP সুবিধাহারাতেপারেন।
- নতুন নিয়মগুলি পূরণ করতে না পারলে ৬৪ বছর বয়স পর্যন্ত এশিয়ান নিউ ইয়র্কবাসীরাও মেডিকএইড বা এসেনশিয়াল প্ল্যান কভারেজ হারাতে পারেন। অনথিভুক্ত প্রবীণরা যারা এসেনশিয়াল প্ল্যান ব্যবহার করেন তারা তাদের স্বাস্থ্যসেবার কভারেজ হারাতে পারেন এবং তাদের যত্নের জন্য অন্য কোনও বিকল্প নেই।

## স্বাস্থ্যসেবা খাতে চাকরি হারানো এশিয়ান আমেরিকান কর্মীদের এবং রোগীদের ক্ষতিগ্রস্থ করবে

**স্বাস্থ্যসেবা একটি শীর্ষ বিভাগ যেটি নিউ ইয়র্ক স্টেটের প্রায়**

**17%**

**এশিয়ানদের কর্মসংস্থান করে।**

H.R. 1 ব্রঙ্কসেরপ্রায় ৩,০০০সহ অঙ্গরাজ্য জুড়ে ৩৪,০০০হাসপাতাল-সম্পর্কিত চাকরিকেঝুঁকির মধ্যে ফেলেছে, যেখানে অনেক এশিয়ানআমেরিকান স্বাস্থ্যসেবা কর্মীবাস করেন এবংকাজ করেন।

এশিয়ান স্বাস্থ্যসেবা কর্মীরাকেবল ডাক্তার, নার্সএবং টেকনিশিয়ান হিসেবেইকাজ করেন না, বরং ভাষা এবংসাংস্কৃতিক ব্যবধানগুলি দূরকরে এশিয়ান রোগীদেরসাহায্যও করেন।

- অভিবাসী এবং নিম্ন-আয়ের কমিউনিটিগুলোর সেবা প্রদানকারী হাসপাতালগুলি বাজেটে কাটছাঁট, ছাঁটাই, জরুরি সেবা সহ পরিষেবা কমানো এবং সম্ভাব্য বন্ধ হয়ে যাওয়ার সম্মুখীন হবে।
- কিছু হাসপাতাল হারানো খরচ পুষিয়ে নেওয়ার জন্য অন্যান্য রোগীদের জন্য খরচ বাড়াতে পারে, যার ফলে সকলের জন্য চিকিৎসা সেবার খরচ বেড়ে যেতে পারে।

## এশিয়ান আমেরিকান শিক্ষার্থীদের জন্য শিক্ষার সুযোগ কমবে

H.R. 1 পেল অনুদান কমিয়ে দেবে এবং ফেডারেল শিক্ষাঋণ সীমিত করবে, যার ফলে কলেজের খরচ আরও বেশি হবে।

- নিউ ইয়র্ক স্টেটে ৯৯,৩১১ জন কলেজগামী এশিয়ান শিক্ষার্থী রয়েছে। আর্থিক সহায়তা হারানো হলে অনেকেই কলেজে যাওয়া বিলম্বিত করতে বা বন্ধ করতে বাধ্য হতে পারেন।

**সারা দেশ জুড়ে বর্তমানে**

**47%**

**এশিয়ান আমেরিকান কলেজ শিক্ষার্থীরা সরকারের কাছ থেকে আর্থিক সহায়তা পায়।**

## এশিয়ান আমেরিকান ছোট ব্যবসাগুলো কিছু ইতিবাচক প্রভাব দেখতে পাবে

- অনেক ছোট ব্যবসা এখন স্থায়ীভাবে তাদের কর থেকে যোগ্য আয়ের ২০% কর্তন করতে পারে, যা তাদের কর সাশ্রয় করতে এবং ভবিষ্যতের জন্য আরও ভাল পরিকল্পনা করতে সহায়তা করে।
- ধারা ১৭৯ এখন ছোট ব্যবসাগুলিকে সরঞ্জাম এবং কর্মস্থলের খরচ বাবদ $২.৫ মিলিয়ন পর্যন্ত কর্তন করতে দেয়, যা বিনিয়োগ এবং বৃদ্ধিকে উৎসাহিত করতে পারে।
- বেশিরভাগ ছোট ব্যবসা ব্যক্তিগত আয় রিটার্নের মাধ্যমে কর দাখিল করে। H.R. 1 ২০১৭ সালের কর হার কর্তনকে স্থায়ী করে, যেটি এইসব কর দাখিলকারীদের জন্য কম হার নিশ্চিত করে।
- ব্যবসা প্রতিষ্ঠানগুলি এখন কিছু সম্পদের জন্য ৪ মিলিয়ন ডলার পর্যন্ত খরচ মওকুপ (রাইট-অফ) করতে পারে।
- ব্যবসা প্রতিষ্ঠানগুলি ক্রয়ের বছরে যোগ্য সম্পদ খরচের ১০০% রাইট-অফ চালিয়ে যেতে পারে, এটি একটি বিধান যা পুনরুদ্ধার, সম্প্রসারণ এবং মূলধন বিনিয়োগকে সহায়তা করে।